# ১২/৮/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১২/৮/২০১৮ খ্রিঃ |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মোঃ রইছউল আলম মন্ডল-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)কে আহ্বান জানান। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) সভায় জানান যে, বিগত ১৮/৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে উহা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত কমিটির সদস্যগণ বিগত সভার কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করার বিষয়ে একমত পোষণ করা হয়।

**আলোচনা-০২: ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনঃ**

সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৫৮টি কার্যক্রমের জন্য কর্মসম্পাদন সূচকের মান ৮০ এবং ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২২ টি কার্যক্রমের জন্য কর্মসম্পাদন সূচকের মান ২০ নির্ধারিত রয়েছে। সংশ্লিষ্ট কমিটির মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে অর্জিত সূচক ৭৭.৭০ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে অর্জিত সূচকের মান ১৯.২২, সর্বমোট অর্জিত সূচকের মান ৯৬.৯২। সভায় প্রতিটি কার্যক্রমের অর্জন বিষয়ে আলোচনা হয় এবং কার্যক্রমসমূহের অর্জন যথাযথভাবে মূল্যায়িত হয়েছে মর্মে সভায় উপস্থিত কর্মকর্তাগণ একমত পোষণ করেন।

কার্যক্রমভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে যে সকল দফা/উপদফায় শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সব বিষয়ে বক্তব্য/মতামত প্রদানের জন্য সভাপতি সংশ্লিষ্টগণকে আহ্বান জানান। সভায় উপস্থিত প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, বেসরকারি পর্যায়ে ১ দিনের মুরগির বাচ্চার দাম সরকারি খামারে উৎপাদিত বাচ্চার দামের তুলনায় কম হওয়ায় ২ নং কৌশলগত উদ্দেশ্যের ২.৭ নং কার্যক্রমটির (সরকারি খামারে এক দিনের হাঁস-মুরগীর বাচ্চা উৎপাদন) লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) জানান যে, এক দিনের মুরগির বাচ্চার দাম নভেম্বর হতে জানুয়ারি মাসে ১০ টাকা এবং ফেব্রুয়ারি হতে অক্টোবর মাসে ১২ টাকা পুন:নির্ধারণের প্রেরিত প্রস্তাব ইতোমধ্যে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদন করা হয়েছে। এর ফলে পরবর্তীতে এপিএর লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। তিনি বছরের শুরু হতেই কার্যক্রমটির লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় যাবতীয় উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। কৌশলগত উদ্দেশ্যের ৪.৭ নং কার্যক্রমটি (সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে ডিগ্রী প্রদান) লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন না হওয়ার বিষয়ে মেরিন ফিশারিজ একাডেমীর অধ্যক্ষ সভায় জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্যাডেট ভর্তি করা হলেও সকলে কোর্স সম্পন্ন না করায় শতভাগ অর্জন সম্ভব হয়নি। ভবিষ্যতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম/ পদক্ষেপ গ্রহণ করা হবে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমসমূহের কতিপয় দফা/উপদফায় লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে কর্মসম্পাদন না হওয়ায় শতভাগ অর্জন সম্ভব হয়নি মর্মে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। তিনি আরো জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরের চুক্তি সম্পাদনের যাবতীয় কাজ যথাসময়ে সম্পন্ন করা হয়েছে। দ্রুত কার্যক্রমের বাস্তবায়নের দায়িত্ব নির্ধারণ করে পত্র দেয়া হয়েছে। সময়মত চুক্তি বাস্তবায়িত হলে কাঙ্খিত সুচকমান অর্জন সম্ভব হবে।

সভাপতি ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়নের বিষয়ে বিশেষজ্ঞ পুলের মতামত ও কোন পর্যবেক্ষণ রয়েছে কি-না জানতে চাইলে অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান জনাব অরুন কুমার মালাকার সভায় জানান যে, মূল্যায়ন কমিটির মূল্যায়নের সাথে বিশেষজ্ঞ পুল একমত পোষণ করেছেন এবং কতিপয় পর্যবেক্ষণ মন্তব্য প্রদান করেছেন। বিশেষজ্ঞ পুলের এ পর্যবেক্ষণ মন্তব্যের উপর সভায় বিস্তারিত আলোচনায় দেখা যায় যে, কিছু বিষয় ২০১৮-২০১৯ এর কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কিছু বিষয় ইতোমধ্যে অধীনস্থ দপ্তর/সংস্থায় অনুশীলন করা হচ্ছে। বিশেষজ্ঞ পুলের পর্যবেক্ষণ মন্তব্যে "সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন" (২.৪ নং কার্যক্রম)-এর পরিবর্তে "সরকারি খামারে উন্নতজাতের গাভীর বাছুর উৎপাদন" শিরোনামে কার্যক্রমটি রাখার কথা বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবটি ইতিবাচক বিবেচনায় পরবর্তীতে যথাসময়ে শিরোনামটি সংশোধনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**আলোচনা-০৩: বিবিধঃ** অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় উপস্থিত কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, মূল্যায়ন প্রতিবেদনের অর্জন সম্পর্কিত তথ্যাদি যাচাই কালে প্রমাণক উপস্থাপন করতে হবে। এ প্রসঙ্গে সভাপতি ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের উল্লিখিত অর্জনের স্বপক্ষীয় প্রমাণকসমূহ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা ও আওতাধীন দপ্তর/সংস্থায় যথাযথভাবে সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করেন, যেন মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক প্রমাণকসমূহ উপস্থাপন করা সম্ভব হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়ঃ

<u>সিদ্ধান্ত:</u>

১। বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

২। ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে এবং চাহিদা মোতাবেক দ্রুত প্রমাণকসমূহ প্রেরণ করতে হবে।

৫। ২০১৮-২০১৯ অর্থবছরের চুক্তি অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অর্থবছরের শুরু হতেই চুক্তিভুক্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং চুক্তিভুক্ত কার্যক্রম বাস্তবায়নে পরিদর্শন, মনিটরিং জোরদার করতে হবে।

৬। বিশেষজ্ঞ পুলের পর্যবেক্ষণ পর্যালোচনা করে চ্যালেঞ্জিং ও উদ্ভাবনী লক্ষ্যমাত্রা বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা নিতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৮/১৮

মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।

১২/০৮/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১। | কাজী ওয়াছি উদ্দিন, অতি: সচিব | MoFL | ১২/৮/১৮ | 01715-049057 |
| ২। | আশীষ কুমার বালা যুগ্ম সচিব | MOFL | 12-08-2018 | 01715895877<br>ashimkumar.bak@yahoo.com |
| ৩। | মোঃ মোস্তাফিজুর রহমান যুগ্মসচিব (অডিট) | MoFL | 12-08-18 | 01711-301418 |
| ৪। | কে.এম.এম. মহিউদ্দীন আহমেদ যুগ্মসচিব (প্রশা-৩) | MOFL | 12-08-2018 | 01713040862 |
| ৫। | [illegible], নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা | [illegible] |  | 01783-416668 |
| ৬। | ডা: মো: হাবিবুর রহমান, উপপরিচালক, বাজেট | DLS. |  | 01716318574 |
| ৭। | ফয়সাল মেহেদী হাসান হিসাবরক্ষণ কর্মকর্তা | DLS |  | 01713403213 |
| ৮। | জিয়াউল হক প্রশাসনিক কর্মকর্তা মেরিন ফিশারিজ একাডেমি | MFA |  | 01818937948 |
| ৯। | ড. মো: জিল্লুর রহমান ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | BFRI |  | 01677155641 |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১০/ | ড. নাসরিন সুলতানা<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | BLRI | [signature] | 01914033344<br>nassulr2003@yahoo.com |
| ১১/ | মোঃ মাহবুবুল হক<br>উপসচিব (বাজেট) | MoFL | [signature] | 01718647580 |
| ১২/ | নূর মোহাম্মদ<br>প্রোগ্রামার | MoFL | [signature] | 01912335285 |
| ১৩/ | মুহাম্মদ [illegible] আমীন<br>সহকারী প্রধান | DoF | [signature] | 01744276411 |
| ১৪। | অনুরাধা ভদ্র<br>সি. বৈ. ক | BFRI | [signature] | 01722319452 |
| ১৫। | মোঃ আমিনুজ্জামান<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | BFDC | [signature] | 01762-854606 |
| ১৬। | [illegible]<br>যুগ্ম সচিব<br>পরিচালক (যুগ্ম) | BFDC | [signature] | 01712023304 |
| ১৭. | মো: [illegible] করিম<br>উপ-পরিচালক (উপ-সচিব) | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | [signature] | 01727-542257 |
| ১৮. | ড. [illegible]<br>মহাপরিচালক. | [illegible] | [signature]<br>২৭/৮/১৬ | [illegible]<br>[illegible]@yahoo.com |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ২৭। | ক্যাপ্টেন [illegible] (অব)., [illegible] | [illegible] | [signature] | [illegible]@yahoo.com<br>01747821833 |
| ২৮। | আবুল কাসেম [illegible]<br>অতিরিক্ত সচিব | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] | 01718723196 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |